তিন জনের দো‘আ গ্রহণযোগ্য, তাতে কোনো সন্দেহ নেই, অত্যাচারিতের দো‘আ।

আবূ হুরায়রা -রাদিয়াল্লাহু ‘আনহু হতে মারফু হিসেবে বর্ণিত, “তিন জনের দো‘আ গৃহীত হয়, তাতে কোনো সন্দেহ নেই: (১) নির্যাতিত ব্যক্তির দো‘আ, (২) মুসাফিরের দো‘আ এবং (৩)
ছেলের জন্যে মাতা-পিতার বদ-দো‘আ।” [হাসান] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। -
এটি আহমাদ বর্ণনা করেছেন।]

তিন শ্রেণির তিনটি দো‘আ অবশ্যই আল্লাহ কবুল করবেন, তাতে কোনো সন্দেহ নেই: অত্যাচারিত ব্যক্তির দো‘আ, যদিও সে কাফির হয়, আর সে অত্যাচারের শিকার হয়ে আল্লাহর কাছে বদ-দো‘আ করে, আল্লাহ অবশ্যই তার দো‘আ কবুল করবেন। মুসাফিরের দো‘আ যখন সে সফর অবস্থায় দো‘আ করে। জন্মদাতার দো’আ: হোক সে পিতা কিংবা মাতা। তারা তার পক্ষে দো‘আ করুক বা বিপক্ষে দো‘আ করুক।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5909